# আলমডাঙ্গা পৌরসভা

আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা

স্মারক নং-আঃ পৌঃ/প্রশাঃ/হাট বাজার ও স্থাপনা ইজারা বিজ্ঞপ্তি/২০২৫/০৬ তারিখ ঃ ২৮-০১-২০২৫খ্রিঃ

আলমডাঙ্গা পৌর হাট বাজার ও স্থাপনা ইজারা-১৪৩২ বাংলা সনের ইজারা বিজ্ঞপ্তি নং-০১/২০২৫

এতদ্বারা আলমডাঙ্গা পৌর হাট বাজার ও স্থাপনা ইজারা ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র-১৪৩২বাংলা সাল পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদী ইজারা বন্দোবস্ত প্রদানের জন্য আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট হতে পৌরসভার নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র সিডিউল ক্রয়ের স্থান (অফিস চলাকালীন সময়ে) **(০১) জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা (০২) উপজেলা নির্বাহী অফিসার, আলমডাঙ্গা,(০৩) সহকারী কমিশনার (ভূমি),আলমডাঙ্গা,এর কার্যালয় (০৪) সোনালী ব্যাংক, আলমডাঙ্গা শাখা, (০৫) অফিসার ইনচার্জ,আলমডাঙ্গা থানা,(০৬) আলমডাঙ্গা পৌরসভা কার্যলিয়ের, হিসাব শাখা হতে নগদ নির্ধারিত মূল্যে (অফেরৎ যোগ্য) ক্রয় করা যাবে**

**দরপত্র সিডিউল দাখিল , খোলার স্থান ও সময় ঃ** দাখিল কৃত দরের ৩০% অর্থ সিডি/বিডি আকারে যে কোন তফশিল ভুক্ত ব্যাংক হতে প্রশাসক, আলমডাঙ্গা পৌরসভার অনুকুলে ক্রয়কৃত দরপত্রের সাথে সংযুক্ত করে দরপত্র বর্ণিত তারিখে দুপুর ১.০০ঘটিকা পর্যন্ত **(০১) আলমডাঙ্গা পৌরসভা কার্যালয় (০২) উপজেলা নির্বাহী অফিসার, আলমডাঙ্গা, (০৩) সহকারী কমিশনার (ভূমি), আলমডাঙ্গা, (০৪) পুলিশ সুপার, চুয়াডাঙ্গা (০৫) জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে এবং আলমডাঙ্গা পৌরসভা কার্যালয়ে বর্ণিত দিনে দুপুর ২.০০ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মূখে দরপত্র সমূহ খোলা হবে।**

ইজারা যোগ্য হাট বাজার ও স্থাপনার বাংলা ১৪৩২ সালের ধার্যকৃত সরকারী মূল্য ও সিডিউলের মূল্য নিম্নরুপঃ

| ক্রমিক | হাট বাজার এর নাম | ১৪৩২ সনে ধার্য্যকৃত সরকারী মূল্য | সিডিউলের ধার্য মূল্য |
|---|---|---|---|
| ০১ | আলমডাঙ্গা পৌর পশুহাট | ২,৫৩,০০,০০০/- | ৩৫,০০০/- |
| ০২ | আলমডাঙ্গা পৌর তহ বাজার | ৫১,৭৭,৭৭২/- | ১১,০০০/- |
| ০৩ | আলমডাঙ্গা পৌর ছাগলের হাট | ২২,২৩,০৬৯/- | ৫,২০০/- |
| ০৪ | আলমডাঙ্গা পৌর সাইকেল হাট | ১,০৬,০০০/- | ১,০০০/- |
| ০৫ | আনন্দধাম পৌর তহ বাজার | ৭০,৭২০/- | ৫০০/- |
| ০৬ | আলমডাঙ্গা পৌর পান হাট | ৯,১২,৪৪৮/- | ২,৬০০/- |
| ০৭ | আলমডাঙ্গা পৌর পুরাতন মটর সাইকেল হাট | ৪০,৮৮,০৯১/- | ৮,৮০০/- |

| ক্রমিক | স্থাপনার নাম | ১৪৩২ সনে ধার্য্যকৃত সরকারী মূল্য | সিডিউলের ধার্য মূল্য |
|---|---|---|---|
| ০১ | আলমডাঙ্গা পৌর জবেহ খানা | ১,৭৪,৫৪৭/- | ১,০০০/- |
| ০২ | আলমডাঙ্গা পৌর বাস টার্মিনাল (পৌর গণ শৌচাগার সহ) | ২৬,৫০০/- | ৫০০/- |
| ০৩ | আলমডাঙ্গা পৌর গণ শৌচাগার (রেল স্টেশন) | ২৩,১০৬/- | ৫০০/- |
| ০৪ | আলমডাঙ্গা পৌর গণ শৌচাগার (তাঁতী সেড) | ১,৭৮,০০৯/- | ১,০০০/- |
| ০৫ | আলমডাঙ্গা পৌর গণ শৌচাগার (সাব রেজিঃ অফিস) | ৩১,৯০৬/- | ৫০০/- |
| ০৬ | আলমডাঙ্গা পৌর গণ শৌচাগার (পানহাট) | ২,৪৩,৮০০/- | ১,৫০০/- |

## দরপত্র ক্রয়, দাখিল ও দরপত্র বাক্স খোলার সময় সুচী

| সংখ্যা | দরপত্র ক্রয়ের শেষ তারিখ ও সময় ( সরকারী ছুটি ব্যতিরেকে) | দরপত্র দাখিলের শেষ তারিখ ও বাক্স খোলার সময় |
|---|---|---|
| ১ম বার | ২৯-০১-২০২৫ হতে ১৯-০২-২০২৫ খ্রিঃ সকাল ৯.৩০ মিনিট হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত | ২০-০২-২০২৫ দুপুর ২.০০ টা |
| ২য় বার | ২৪-০২-২০২৫ হতে ১১-০৩-২০২৫ খ্রিঃ সকাল ৯.৩০ মিনিট হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত | ১২-০৩-২০২৫ দুপুর ২.০০ টা |
| ৩য় বার | ১৩-০৩-২০২৫ হতে ২৩-০৩-২০২৫ খ্রিঃ সকাল ৯.৩০ মিনিট হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত | ২৪-০৩-২০২৫ দুপুর ২.০০ টা |

ঃ শর্তাবলী সমূহ ঃ

০১) বাংলা ১৪৩২ সনের ইজারার মেয়াদ ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র-১৪৩২ বাংলা সাল পর্যন্ত ০১(এক) বছর মেয়াদ হিসাবে গন্য হবে।

০২) দরপত্রের সাথে দরপত্র দাতাকে উদ্ধৃত মূল্যের ৩০% অর্থ জামানত হিসাবে সিডি/বিডি আকারে যে কোন তফশিল ভুক্ত ব্যাংক হতে প্রশাসক, আলমডাঙ্গা পৌরসভার অনুকুলে ক্রয়কৃত দরপত্রের সাথে সংযুক্ত করে দরপত্র দাখিল করতে হবে, অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গন্য হইবে উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা হাট-বাজারের জায়গা পরিষ্কার পরিচ্ছন্ন করবেন, না করলে বা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের যে কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর শেষে অব্যবহৃত অর্থ জমাকারীকে ফেরৎ দেওয়া হবে।

০৩) যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ কার্য দিবসের মধ্যে দরপত্রের উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহন করা হবে।

০৪) প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চদর গ্রহন করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাটবাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পূণরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহ্বান সত্ত্বেও যদি সরকারি ইজারা মূল্য হতে কম হয় তা হলে ইজারা কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

০৫) এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আর এক বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহনের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৬) খামের উপরে দরপত্র দাতার নাম ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭) সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোলচার্ট টাঙ্গিয়ে প্রচার করবেন।

০৮) প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীল মোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯) ইজারাদার কোন ক্রমেই হাজবাজার অন্যের নিকট সাবলীজ দিতে পারবে না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাম পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০) ইজারার সমস্ত অর্থ (ভ্যাট আয়কর সহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হবে।

১১) দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বচ্চো বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গন্য হবে।

১২) ইজারাদার নিজ খরচে হাটবাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩) ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষন করবেন।

১৪) কোন প্রকার ঘষা, মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহন যোগ্য হবে না।

১৫) নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাটবাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গন্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারি ভাবে ইজারা অর্থ কর্তন পূর্বক বাকি অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৬) হাটবাজরের ইজারার টাকা সরকারি দাবী আদায়ের আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭) চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন ও বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন।

(শেখ মেহেদী ইসলাম)
প্রশাসক
আলমডাঙ্গা পৌরসভা।

স্মারক নং-আঃ পৌঃ/২০২৫/০৬(৩৫) তারিখ ২৮-০১-২০২৫খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলো।

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
০৪। পুলিশ সুপার, চুয়াডাঙ্গা।
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক, (রাজস্ব) চুয়াডাঙ্গা।
৬-১০। প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভা/ জীবননগর পৌরসভা/দর্শনা পৌরসভা।
১১-১৩। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ/গণপূর্ত/পাউবি, চুয়াডাঙ্গা।
১৪। উপজেলা নির্বাহী অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
১৫। সহকারী কমিশনার (ভূমি) আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
১৬। অফিসার ইনচার্জ, আলমডাঙ্গা থানা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
১৭-২২। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল), আলমডাঙ্গা পৌরসভা।
২৩। নির্বাহী প্রকৌশলী, আলমডাঙ্গা পৌরসভা
২৪। পৌর নির্বাহী কর্মকর্তা, আলমডাঙ্গা পৌরসভা
২৫। হিসাব সহকারী, আলমডাঙ্গা পৌরসভা
২৬। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, আলমডাঙ্গা শাখা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
২৭। সভাপতি/ সম্পাদক, বণিক সমিতি, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
২৮। সভাপতি/ সম্পাদক, বাস মালিক/ ট্রাক মালিক সমিতি, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
২৯। সভাপতি/ সম্পাদক, বাস-ট্রাক শ্রমিক ইউনিয়ন, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
৩০-৩৩। সম্পাদক, দৈনিক.......................................... আপনার পত্রিকায় ভিতরের পাতায় অনুলিপি বাদে একদিনের জন্য বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধ করা হলো।
৩৪। অফিস নথি, নোটিশ বোর্ড, আলমডাঙ্গা পৌরসভা।

( শেখ মেহেদী ইসলাম)
প্রশাসক
আলমডাঙ্গা পৌরসভা।